সাক্ষী হওয়া

ফৌজদারী মকদ্দমায়
জড়িত বাচ্চাদের জন্য পুস্তিকা

সাক্ষী হওয়া

ফৌজদারী মকদ্দমায়

জড়িত বাচ্চাদের জন্য পুস্তিকা

স্প্রিংবার্নের (Springburn) অ্যালবার্ট প্রাইমারি স্কুলের (Albert Primary School) এবং পোলকশিল্ডস্ (Pollokshields)-এর গ্লেনডেল প্রাইমারি স্কুলের (Glendale Primary School) বাচ্চাদের বিশেষ ধন্যবাদ।

ছবি এঁকেছেন ইলিনর মেরিডিথ (Eleanor Meredith),
ডানকান অফ্ জর্ডানস্টোন কলেজ অফ্ আর্ট এন্ড ডিজাইন (Duncan of Jordanstone College of Art and Design), ইউনিভার্সিটি অফ ডান্ডী (University of Dundee)

স্কটিশ একজিকিউটিভের (Scottish Executive) পক্ষে এটি প্রস্তুত করেছেন অ্যাসট্রন (Astron) B41390 06/05
জুন 2005-এ স্কটিশ একজিকিউটিভ (Scottish Executive) এটির প্রকাশ করেছেন
পুনরাবর্তিত কাগজে এই দলিলের 100%ভাগ মুদ্রিত হয়েছে এবং এর 100% ভাগ পুনরাবর্তনযোগ্য

সূচীপত্র

01 ভূমিকা

02 সাক্ষী বলতে কি বোঝায়?

04 কে তোমাকে সাহায্য করতে পারে?

06 আমি আদালতে যাবার আগে কি হবে?

07 আদালত কি?

08 আদালত কক্ষে কে থাকেন এবং তাদের কি কাজ?

10 সাক্ষী হিসাবে তোমার কি কাজ?

12 তুমি যা জান তা আদালতকে বলা

14 আদালত কক্ষে ব্যক্তিটিকে দেখা

15 সাক্ষী হতে তোমাকে সাহায্য করা

16 বিশেষ টেলিভিশন ব্যবহার করা

18 স্ক্রীন ব্যবহার করা

20 সমর্থনদাতা ব্যক্তি বা পৃষ্ঠপোষক ব্যক্তি ব্যবহার করা

21 অন্যান্য বিষয় যা তোমার কাজে লাগতে পারে

22 আদালত দেখতে যাওয়া

24 সাক্ষ্য দেবার জন্য অপেক্ষা করা

26 যখন তুমি উত্তর দেওয়া শেষ করলে তখন কি হবে?

27 মনে রাখার বিষয়

28 প্রশ্ন?

ভূমিকা

তোমাকে সাক্ষী হতে বলা হয়েছে।

এই পুস্তিকাটি তোমার কাজে আসবে।

সাক্ষী বলতে কি বোঝায়?

সাক্ষী হ'ল একজন যে গুরুত্বপূর্ণ কোনো বিষয় জানে।

তুমি হয়ত কিছু দেখেছ বা শুনেছ।
বা তোমার সঙ্গে কোনো ঘটনা ঘটেছে।

তুমি হয়ত পুলিসের সঙ্গে বা কোনো সমাজসেবীর সঙ্গে বা কোনো আইনজীবীর সঙ্গে কথা বলেছ এবং যা জান তা তাদের বলেছ।

এখন, জরুরী বিষয় হ'ল তুমি যা জান আদালতে লোকেদের কাছে তা বলা।

একে বলা হয় সাক্ষী হওয়া।

অনেক বাচ্চারা সাক্ষী হওয়া বা আদালতে যাওয়ার বিষয়ে অনেক কিছু জানে না। চিন্তা কোরো না। অনেক লোক আছে যারা তোমাকে সাহায্য করতে পারবে।

কয়েকটা বিষয় আছে যার সম্বন্ধে বাচ্চারা প্রশ্ন করেছে।

আদালতে কি হয়?
আদালতে কে থাকবে?
আমি কি স্বাধীনভাবে ওখানে মত প্রকাশ করতে পারি?
যখন আমি সাক্ষী হব কে সাহায্য করবে?

তোমার যা জানা দরকার তা এই পুস্তিকাতে বলা হচ্ছে।

কে তোমাকে সাহায্য করতে পারে?

অনেক লোক আছে যারা তোমাকে সাহায্য করতে পারে। তোমার পরিবারের কারুর সঙ্গে বা স্কুলে কারুর সঙ্গে কথা বলতে পার।

আরও অনেক লোক আছে যাদের কাজ হ'ল তোমাকে সাহায্য করা ঃ

- **একজন সমাজসেবী** তোমাকে সাহায্য করতে পারেন। একজন সমাজসেবী হলেন তিনি যিনি সেই সব লোকেদের জন্য কাজ করেন যাদের অতিরিক্ত সাহায্য চাই।
- **পুলিস** কি ঘটছে সে বিষয়ে জানতে চেষ্টা ক'রে তোমাকে সাহায্য করতে পারেন।
- **আইনজীবী** হচ্ছেন সেই ব্যক্তি যিনি তোমাকে সাক্ষী হবার জন্যে বলেছেন। তিনি তোমাকে সাহায্যও করতে পারেন।
- **অপরাধে ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য তথ্য এবং পরামর্শ [(Victim Information and Advice) VIA]** এখানে যারা আছেন তারা, সাক্ষী হয়েছে যে বাচ্চারা তাদের সাহায্য করেন।
- **উইটনেস সার্ভিস (সাক্ষী পরিষেবা)** ও তোমাকে সাহায্য করতে পারবে। উইটনেস সার্ভিসের লোকেরা আদালতে কাজ করে।

আমি আদালতে যাবার আগে কি হবে?

সাক্ষী হবার বিষয়টি নিয়ে তুমি নিশ্চয়ই কোনো আইনজীবী বা উকিলের সঙ্গে কথা বলেছ। আইনজীবী হলেন তিনি যিনি আইনকে যথাযথভাবে প্রয়োগ করান।

আইনজীবী তোমার কাছে এসে তোমাকে কয়েকটি কথা জিজ্ঞাসা করবেন। সংখ্যায় আইনজীবীরা একজনের বেশি হতে পারেন যারা তোমাকে প্রশ্ন করতে চাইবেন।

তারা তোমাকে আদালতের বিষয়ে বলবেন এবং আদালত কিরকম তা দেখাবেন। যদি তুমি আদালতে গিয়ে সব দেখে নিতে চাও, তাহ'লে সেকথা আইনজীবীকে বল।

আইনজীবী তোমার সব প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করবেন।

আদালত কি?

আদালত একটি জায়গা যেখানে বিচারক কাজ করেন।আদালতের কার্যভারের দায়িত্ব নেন বিচারক এবং বিচারকের কাজ হ'ল তোমার কথা শোনা। বিচারক তোমাকে প্রশ্নও করতে পারেন।

কোনো কোনো আদালতে বিচারককে শেরীফ বলা হয়।

আদালতই সিদ্ধান্ত নেবে কেউ কোনো অপরাধ করেছে কি না এবং আইনভঙ্গ করেছে কি না।

আইন হল একগুচ্ছ নিয়মকানুন যা লোকেরা কখনই ভঙ্গ করবে না। আইনভঙ্গ করা আর অপরাধ করা একই কথা।

আইনভঙ্গ করা অন্যায়।

বেশির ভাগ আদালতের ভেতরে অনেক ঘর আছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘরটি হ'ল কোর্টরুম বা আদালত কক্ষ।

আদালত কক্ষে কে থাকেন এবং তাদের কি কাজ?

- আদালত কক্ষে সব সময় বিচারক এবং আইনজীবীরা থাকেন। তাদের কাজ হ'ল দেখা যে সব কিছু ভালোমত, নিরপেক্ষভাবে চলছে।

বিচারকদের অন্য লোকেরা সাহায্য করে।

- **ক্লার্ক ঃ** ইনি বিচারকের কাগজপত্রের যথাস্থানে রাখেন, কাগজপত্র দেখাশোনা করেন।

- **আদালতের আধিকারিক (এদের কখনও কখনও মেসারও বলা হয়) ঃ** ইনি বিচারককে নানা কাজে সাহায্য করেন, আদালতের অন্য ব্যক্তিদের দেখাশোনা করেন।

- **জুরি ঃ** এরা হলেন একদল লোক যারা তোমার কথা শুনবেন এবং কেউ আইনভঙ্গ করেছে কি না সে বিষয়ে আদালতকে সিদ্ধান্ত নিতে সাহায্য করবেন।

- **অভিযুক্ত ব্যক্তি ঃ** একজন যে হয়ত আইনভঙ্গ করেছে। অভিযুক্ত ব্যক্তি আদালত কক্ষে যা ঘটছে তার সব কিছু দেখতে এবং শুনতে পারবে।

- **জনতা ঃ** কখনও কখনও অন্য লোকেরা আদালতে এসে বসে, আদালতের কাজ দেখার জন্য। তুমি বিচারক বা আইনজীবীকে বলতে পারো যদি তুমি না চাও অন্যলোকেরা থাকুক।

- **পুলিস অথবা নিরাপত্তাকর্মী ঃ** এদের কাজ হ'ল দেখা যে প্রত্যেকে শিষ্টাচার করছে।

সাক্ষী হিসাবে তোমার কি কাজ?

তোমার কাজ হ'ল তুমি যা জান আদালতে লোকেদের সম্মুখে তা বলা।

এটা কখনও কখনও বেশ শক্ত কাজ হয়ে দাঁড়ায়। বিচারক এবং আইনজীবী বুঝবেন যদি তুমি উদ্বিগ্ন থাক। তারা জানেন যে তুমি তাদের সাহায্য করতেই এসেছ। আর তারা তোমাকে সাহায্য করবেন।

তোমাকে প্রশ্ন করা হবে।

- বিচারক তোমার নাম এবং বয়স জিজ্ঞাসা করতে পারেন।
- আইনজীবী হয়ত তোমাকে তুমি যা দেখেছ বা শুনেছ সে বিষয়ে কিছু জিজ্ঞাসা করবেন।
- তোমার সঙ্গে কিছু ঘটে থাকলে সে বিষয়ে তারা জিজ্ঞাসা করতে পারেন।

তুমি যা জান সব কিছু বিচারক এবং আইনজীবীদের বলবে।

কোনো বিষয় যা মুখে উচ্চারণ করা শক্ত তা তাদের কাছে বলা যায়।

তাদের কাছে গোপনীয় কথা বলা যায়, যদি তা সত্যি হয়।

সত্যি কথা বলতে তোমার ভয় পাওয়া উচিত নয়।

তুমি যা জান তা আদালতকে বলা

বিচারক এবং আইনজীবীরা জানেন না কি ঘটেছিল। যা কিছু তুমি জান আদালতের সামনে সেসব ব'লে তোমার তাদের সাহায্য করা দরকার।

প্রত্যেকটি বিষয়ে সত্যি কথা বলা খুবই জরুরী।

প্রত্যেকটি প্রশ্ন মন দিয়ে শোনো। প্রশ্নগুলির উত্তর দিতে চেষ্টা করো। মনে রেখো, জোরে এবং পরিষ্কার ক'রে কথা বলবে।

তোমার যা বলার আছে তা আদালত শুনতে চায়। কেউ তোমাকে ব'লে দেবে না কি কথা বলতে হবে।

কখনও কখনও আইনজীবীরা দীর্ঘ এবং শক্ত শব্দ ব্যবহার করেন অথবা হতভম্ব করা প্রশ্ন জিজ্ঞাসা করেন। যদি তুমি কোনো শব্দ বা প্রশ্ন বুঝতে না পারো, তুমি বলতে পারো ‘আমি বুঝতে পারলাম না’।

তুমি হাত উঁচু ক’রে বলতে পারো ‘এক্সকিউস মি’ (আমাকে মাপ করবেন), ঠিক যেমন স্কুলে ক’রে থাকো।

তুমি ওঁদের আরও ছোট ছোট শব্দ ব্যবহার করতে বলতে পারো।

এটা গুরুত্বপূর্ণ যে তুমি কোনো বিষয়ে আন্দাজে কিছু বলবে না।

যদি তুমি কোনো প্রশ্নের উত্তর না জানো, বা তোমার কিছু না মনে পড়ে, তবে তা বলে দেওয়া উচিত।

যদি উত্তর তোমার না জানা থাকে তাহ’লে বিচলিত হয়ো না।

আদালত কক্ষে ব্যক্তিটিকে দেখা

যে ব্যক্তিটির কথা তুমি পুলিসকে বলেছ তাকে তুমি হয়তো পুলিসের কাছে চিনিয়ে দিয়েছ। যদি তা ক'রে থাক, তাহ'লে আর তোমাকে তা করতে হবে না।

কিন্তু হয়ত আদালতে আইনজীবী তোমায় জিজ্ঞাসা করবেন তুমি লোকটিকে চারপাশে কোথাও দেখতে পাচ্ছ কি না।

যদি তোমাকে জিজ্ঞাসা করা হয়, তাহ'লে ভালো ক'রে চারপাশে দেখে নাও।

যদি লোকটিকে দেখ, তার দিকে অঙ্গুলি নির্দেশ করো।

যদি লোকটিকে দেখতে না পাও, তুমি বলতে পারো 'আমি ওকে দেখতে পেলাম না'।

আদালতে লোকটিকে দেখার বিষয়ে যদি উদ্বিগ্ন বোধ করো, তাহ'লে কাউকে বলো যে তোমায় সাহায্য করবে।

তোমাকে সাক্ষী হ'তে সাহায্য করা

সাক্ষী হওয়া সবসময় সহজ ব্যাপার নয়। প্রাপ্তবয়স্করা (বড়রা) বুঝবেন যে তোমার হয়ত উদ্বেগ হচ্ছে।

তোমাকে নানা উপায়ের কথা বলা হবে যাতে সাক্ষী হওয়াতে সাহায্য করা যায়। এই সব পন্থা দ্বারা তোমার উদ্বেগ অনেক কম হবে, তোমার স্বস্তি হবে।

আইনজীবী, সমাজসেবী, ভিআইএ অথবা উইটনেস সার্ভিস তোমাকে সাক্ষী হবার এই বিশেষ উপায়ের কথা বলবেন।

বিশেষ একটি টেলিভিশন ব্যবহার করা

আদালত কক্ষে না গিয়ে বিশেষ একটি টেলিভিশন ব্যবহার ক'রে তুমি সাক্ষ্য দিতে পারো। যদি লোকে পরিপূর্ণ আদালত কক্ষে যদি যেতে ইতস্তত করো, তাহ'লে এই উপায়ের দ্বারা তোমার সাহায্য হবে। এই টেলিভিশন ব্যবহার ক'রে তুমি শেরীফ, বাচ্চাদের সাংবাদিক এবং আইনজীবীদের সঙ্গে কথা বলতে পারো।

আদালত কক্ষটি যে বিলডিং-এ অবস্থিত, টেলিভিশন কক্ষটিও সেই বিলডিং-এ থাকতে পারে।

কখনও কখনও ছোট বাচ্চাদের আদালতে একেবারেই আসার দরকার হয় না। আদালত থেকে দূরে কোনো বিলডিং-এ টেলিভিশন কক্ষটি থাকতে পারে।

যখন টেলিভিশনটি খোলা হবে, আদালত কক্ষের লোকেরা তোমাকে দেখতে পাবে ও তোমার কথা শুনতে পারবে। যিনি তোমাকে প্রশ্ন জিজ্ঞাসা করবেন তাকে তুমি টেলিভিশনের পর্দায় দেখতে পাবে।

যদি তুমি ঠিকমত প্রশ্নগুলি শুনতে না পাও বা অন্য কোনো সমস্যা হয় তাহ'লে শেরীফকে সেকথা বলবে।

স্ক্রীন ব্যবহার করা

তুমি হয়ত আদালত কক্ষে যেতে চাইবে, কিন্তু যে লোকটির কথা তুমি বলেছ তাকে দেখতে পেলে তুমি বিচলিত হবে।

আদালত কক্ষে একটি স্ক্রীন টাঙানোর ব্যবস্থা করা যায়, যাতে তোমায় লোকটিকে দেখতে না হয়।

স্ক্রীনটি পর্দার মত যা ঘরটিকে দুভাগে বিভক্ত করে।

তুমি তা সত্ত্বেও বিচারককে, জুরিদের এবং আইনজীবীদের এবং তাদের অন্যান্য সাহায্যকারী ব্যক্তিদের দেখতে পাবে।

পৃষ্ঠপোষক ব্যক্তি ব্যবহার করা

একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি তোমার সঙ্গে সবসময় থাকতে পারেন এমন কি যখন তুমি বিচারক বা আইনজীবীদের সঙ্গে কথা বলছ তখনও।

এই ব্যক্তিকে বলা হয় পৃষ্ঠপোষক।

চিন্তা ক'রে নাও কাকে তুমি তোমার পৃষ্ঠপোষক করতে চাইবে।

অন্যান্য বিষয় যা তোমার কাজে লাগতে পারে

ভিআইএ (VIA) অথবা আইনজীবী তোমাকে সাক্ষী হবার জন্য অন্যান্য বিশেষ উপায়ের কথা ব'লে সাহায্য করতে পারেন।

তুমি যখন পুলিসের সঙ্গে কথা বলেছিলে তখন কি পুলিস ভিডিও বা টেপ রেকর্ড করেছিল? তুমি যা বলেছিলে পুলিস কি তা লিখে নিয়েছিল?

ভিডিও বা টেপ রেকর্ড আদালত কক্ষে দেখানো বা শোনানো যেতে পারে। অথবা পুলিসের নোট (লিখিত বিবরণ) পড়া যেতে পারে।

যদি তাই হয়, তোমাকে দেখতে বা শুনতে বলা হবে। তারপর, তুমি যা বলেছিলে সে বিষয়ে তোমাকে প্রশ্ন করা হ'তে পারে।

বিচারক এবং আইনজীবীরা আদালতে উইগ (শামলা) বা গাউন পরেন, ইউনিফর্মের মত। কাউকে তুমি এ বিষয়ে জিজ্ঞাসা করো। যদি তুমি না চাও যে তাঁরা শামলা বা গাউন পরুন, তাহ'লে কাউকে একথা বলো।

আদালত জানতে চাইবে কিভাবে তুমি সাক্ষী হতে চাও।

প্রশ্ন জিজ্ঞাসা করতে ভয় পেয়ো না।

তোমার জন্যে সবচেয়ে ভালো কোনটা সেটা বেছে নিতে কেউ একজন তোমাকে সাহায্য করবেন। তুমি যদি তোমার মত বদলাও, কাউকে বলো যিনি তোমায় সাহায্য করতে পারবেন।

আদালত দেখতে যাওয়া

তুমি আগে কখনও নিশ্চয়ই আদালতে যাও নি।

যেখানে তুমি সাক্ষ্য দিতে যাচ্ছ সে স্থানটি বা আদালতটি দেখে নেওয়া ভালো প্রস্তাব।

তুমি চেনো এমন একজনের সঙ্গে যেতে পারো। তোমার পরিবারের কেউ অথবা তোমার সমাজসেবী অথবা ভিআইএ হ'তে পারেন।

তোমাকে সব ঘুরিয়ে দেখানোর জন্যে এবং সাহায্য করার জন্যে উইটনেস সার্ভিসের কোনো একজন ওখানে থাকবেন ।

তুমি চারপাশ দেখে নিতে পারো এবং কোথায় বসবে তাও দেখি নিও।

তুমি বিশেষ টেলিভিশনটি এবং স্ক্রীনটি দেখে নিতে পারো। সাক্ষী কিভাবে হবে সে বিষয়টি একটু অভ্যাস ক'রে নিতে পারো।

তুমি যদি মজা করতে চাও, বিচারক হ'লে কি করবে তা অভ্যাস ক'রে নিতে পারো।

সিডি রমে তুমি আদালত কক্ষ এবং বিশেষ উপায় কেমন হয় তা দেখতে পারো। এবিষয়ে জিজ্ঞাসা ক'রে নাও।

সাক্ষ্য দেবার জন্য অপেক্ষা করা

সাক্ষ্য দেবার জন্য অপেক্ষা করতে অনেক সময় লাগতে পারে।

আদালত খুব ব্যস্ত জায়গা। তোমাকে অপেক্ষা করতে হতে পারে। এটা একটু বিরক্তিকরও লাগতে পারে। **সঙ্গে একটা বই আনা বা কমিক্স বা তোমার কোনো প্রিয় খেলনা আনা ভালো।**

যে ব্যক্তি তোমার সঙ্গে আসছেন তাকে তোমার জন্য খাবার এবং পানীয় আনতে বলো।

কখনও কখনও তোমাকে বাড়ি চলে যেতে হ'তে পারে, আর একদিন আসার জন্যে।

কখনও কখনও তুমি হয়ত' প্রশ্নের উত্তর দিতে শুরু করলে কিন্তু উত্তর দেওয়া শেষ করার জন্য তোমাকে আর একদিন আসতে হবে।

যখন তুমি উত্তর দেওয়া শেষ করলে তখন কি হবে?

সব প্রশ্ন জিজ্ঞাসা করা হয়ে গেলে এবং আদালতকে যা জান সব তোমার বলা হয়ে গেলে, তোমার কাজ শেষ হবে।

তুমি একটা খুব গুরুত্বপূর্ণ কাজ শেষ করলে।

যখন সব সাক্ষীদের সাক্ষ্য দেওয়া শেষ হবে তখন আদালত স্থির করবে কেউ আইন ভঙ্গ করেছে কি না আর এরপর কি করা হবে। তোমাকে কেউ বলে দেবে আদালত কি স্থির করল।

সাবাশ!
সাক্ষী হবার জন্য তোমাকে ধন্যবাদ।

মনে রাখার বিষয়

যখন তুমি সাক্ষ্য দিচ্ছ, তুমি সহায়তা চাইতে পার।

"আমাকে মাপ করবেন!"

হাত তুলে 'আমাকে মাপ করবেন' কথাটা বলা ভুল নয়।

একটুখানি বিশ্রামের জন্য তোমার থামার প্রয়োজন হতে পারে।

তুমি এক গ্লাস জল খেতে চাইতে পার বা টয়লেটে যেতে চাইতে পার।

যদি তুমি অসুস্থ বা ক্লান্ত বোধ কর, বিচারক এবং আইনজীবীরা তোমার অবস্থা বুঝতে পারবেন।

সকলেই তোমাকে সাহায্য করার চেষ্টা করবেন।

প্রশ্ন?

সাক্ষী হবার ব্যাপারে তোমার কোনো প্রশ্ন থাকলে তা তুমি লিখতে পার।

যদি তুমি চাও, কারুর সাহায্য নাও।

আইনজীবী, ভিআইএ (VIA) অথবা উইটনেস সার্ভিস তোমার সব প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করবে।

প্রশ্ন?	উত্তর
আমি কি স্ক্রীন অথবা বিশেষ টেলিভিশন ব্যবহার করতে চাই?	
কে আমার পৃষ্ঠপোষক হতে পারেন?	
আমি কি আদালত একবার ঘুরে দেখে নিতে চাই?	
কোন কোন ব্যাপারে আমি বিচলিত বোধ করছি?	

সাবাশ এবং ধন্যবাদ

তোমার ছোট্ট বিবরণ

অনুরোধ করলে এই ডকুমেন্টের আরও কপি অডিওতে, ছাপার বড় হরফে এবং সম্প্রদায়গুলির ভাষায় পাওয়া যাবে।
দয়া ক'রে 0131 244 2213 নম্বরে যোগাযোগ করুন।

© ক্রাউন কপিরাইট 2005

স্কটিশ একজিকিউটিভ ওয়েবসাইটে এই ডকুমেন্ট পাওয়া যাচ্ছে ঃ
www.scotland.gov.uk

Astron B41390 06/05 (Bengali)

আরও কপি পাওয়া যাবে

Blackwell's Bookshop
53 South Bridge
Edinburgh
EH1 1YS

টেলিফোন অর্ডার এবং অনুসন্ধান
0131 622 8283 অথবা 0131 622 8258

ফ্যাক্স অর্ডার
0131 557 8149

ইমেল অর্ডার
business.edinburgh@blackwell.co.uk

এই ডকুমেন্ট বা দলিলটি মূল দলিলের নির্ভুল বর্ণনা ব'লে মনে করা হয়

www.scotland.gov.uk